**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামীকাল থেকে ৮০ ঊর্ধ্ব ভোটার এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের ভোট গ্রহণ শুরু হবে।**
**(২) আগামী অর্থবছরে ভিবি-জি রাম জি প্রকল্পের জন্য ৯৫ হাজার ৬৯২ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।**
**(৩) প্রবীণ বিজেপি নেতা-প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মেরা বুথ, সবসে মজবুত' কর্মসূচির অধীনে আসামের দলীয় কর্মীদের সঙ্গে কথা বলেন।**
**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা অনুষ্ঠিত হয়।**

******************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামীকাল থেকে ৮০ ঊর্ধ্ব ভোটার এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের ভোট গ্রহণ শুরু হবে। ধর্মনগরের মহকুমা ম্যাজিস্ট্রেট তথা উপনির্বাচনের রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, আগামীকাল থেকে দোসরা এপ্রিল পর্যন্ত ভোটকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে ১১৬ জন ৮০ উর্ধ্ব প্রবীণ নাগরিক এবং ৬৯ জন বিশেষভাবে সক্ষম ভোটারের ভোটগ্রহণ করবেন। এই ভোট গ্রহনের জন্য ভোটকর্মীদের ৮টি দল গঠন করা হয়েছে। ভোটকর্মীদের প্রতিটি দলের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের একজন করে প্রতিনিধি যেতে পারবেন। বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহনের ক্ষেত্রেও ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এদিকে, আগামী তেসরা ও চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মী ও অন্যান্য কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে। ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোট

গ্রহণ করা হবে। রিটার্নিং অফিসার জানান, আগামী ৯ই এপ্রিল ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে মোট ৫৫টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে। এই নির্বাচনে মহিলা ভোটকর্মীদের ১৬টি দল থাকবে।

*************************

**VB-G Ram G :**

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী কমলেশ পাসোওয়ান আজ রাজ্যসভায় জানিয়েছেন, আগামী অর্থবছরে 'বিকশিত ভারত-রোজগার ও আজীবিকা মিশন (গ্রামীণ)' অর্থাৎ ভিবি-জি রাম জি প্রকল্পের জন্য ৯৫ হাজার ৬৯২ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। তিনি জানান, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্পের অধীনে ত্রিশ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। 'বিকশিত ভারত-জি রাম জি' আইন কার্যকর হওয়ার আগ পর্যন্ত মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্পের অধীনে আর্থিক দায়বদ্ধতা পূরণের জন্য এই অর্থ যথেষ্ট হবে বলে আশা করা হচ্ছে। মন্ত্রী বলেন, সরকার, প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসারে রাজ্যগুলিকে প্রাপ্য বকেয়া অর্থ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।

****************************

**ADC-Campaign :**

আসন্ন এডিসি নির্বাচন ঘিরে গোমতি জেলায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার চলছে। নতুন বাজার-মালবাসা কেন্দ্রের বামফ্রন্ট সমর্থিত সিপিআই(এম)-প্রার্থী মগেন্দ্র রিয়াং এর সমর্থনে আজ নতুন বাজারে এক জনসভা অনুষ্ঠিত হয়। জনসভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার রাজ্য সরকার ও এডিসি প্রশাসনের সমালোচনা করে বক্তব্য রাখেন। রাজ্যে এডিসি গঠন করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের অবদান সবচেয়ে বেশি বলে তিনি দাবি করেন।

এদিকে, কাঠালিয়া মির্জা রাজাপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী পদ্মলোচন ত্রিপুরার সমর্থনে আজ কাকড়াবন গুলমুড়া এডিসি ভিলেজ এলাকায় নির্বাচনী প্রচার করা হয়।

তেলিয়ামুড়ায় রাঙ্খলপাড়া কমিউনিটি হল প্রাঙ্গণে এডিসির তেলিয়ামুড়া–মহারানীপুর আসনের বিজেপি প্রার্থী বিল্লু জমাতিয়ার সমর্থনে আজ এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়।

**************************

**CPIM :**

বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী আসন্ন এডিসি নির্বাচনে স্বচ্ছতা বজায় রাখার জন্য ই.ভি.এমের সঙ্গে ভিভিপ্যাট ব্যবহারের জন্য রাজ্য নির্বাচন কমিশনারের কাছে দাবি জানিয়েছেন। রাজ্য নির্বাচন কমিশনারের কাছে লেখা এক চিঠিতে তিনি এই দাবি জানান। চিঠিতে তিনি উল্লেখ করেন ই.ভি.এমের সঙ্গে ভিভিপ্যাট যুক্ত থাকলে ভোট গ্রহণ প্রক্রিয়ার প্রতি ভোটারদের আস্থা থাকে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন থেকে ভিভিপ্যাট সংযুক্ত আধুনিক ই.ভি.এম এনে এডিসি নির্বাচনে ভোট গ্রহনের জন্য বিরোধী দলনেতা শ্রী চৌধুরী দাবি জানিয়েছেন। তাছাড়া আসন্ন এডিসি ভোটকে সামনে রেখে শীঘ্রই একটি সর্বদলীয় বৈঠক আহ্বানের জন্য তিনি রাজ্য নির্বাচন কমিশনের কাছে অনুরোধ জানিয়েছেন।

***************************

**Health :**

রাজ্যে জনস্বাস্থ্য ব্যবস্থাকে আরও শক্তিশালী করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যের উপস্থিতিতে আজ আগরতলার সচিবালয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হল ১০০ দিনের সুসংহত কিশোর স্বাস্থ্য উন্নয়ন অভিযান"। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, এনইইপিসিও (NEEPCO) এবং ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজের যৌথ উদ্যোগে শুরু হয় এই

কর্মসূচি। এর মূল লক্ষ্য হল রাজ্যের বিভিন্ন এলাকায় অপুষ্টি, কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সমস্যা এবং সংশ্লিষ্ট চ্যালেঞ্জগুলিকে দ্রুত চিহ্নিত করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। স্বাস্থ্য পরিষেবাকে আরও সহজলভ্য ও ফলপ্রসূ করে তোলাই এই অভিযানের অন্যতম উদ্দেশ্য। সিপাহিজলা জেলার কাঠালিয়া ও মোহনভোগ ব্লকে ৩৫টি শিবিরে এবং ধলাই জেলার গঙ্গানগর ব্লকে ৯টি শিবিরে এই অভিযান চলবে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রবীণ বিজেপি নেতা-প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে ‘মেরা বুথ, সবসে মজবুত’ কর্মসূচির অধীনে আসামের দলীয় কর্মীদের সঙ্গে কথা বলেন। এই আলোচনার লক্ষ্য হলো, আসন্ন আসাম বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল স্তরের কর্মীদের উজ্জীবিত করা এবং রাজ্যের উন্নয়নের ওপর আলোকপাত করা। দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী

গত দশকে আসামের রূপান্তরের কথা তুলে ধরেন। তিনি বলেন যে, বিভিন্ন ক্ষেত্রে দ্রুত উন্নতি এনডিএ (NDA) সরকারের "ডাবল-ইঞ্জিন" মডেলের সাফল্যকে প্রতিফলিত করে।

#######Byte-PM######

***************************

**N F Railway :**

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীন আরপিএফ সম্প্রতি আগরতলা, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, আলুয়াবাড়ি, কামাখ্যা, হোজাই, সামসি এবং নিউ বঙাইগাঁও রেলস্টেশন ও ট্রেনগুলিতে ধারাবাহিক অভিযানে ১ কোটি ৯৩ লক্ষ টাকারও বেশি মূল্যের নেশা সামগ্রী বাজেয়াপ্ত করেছে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এখবর জানিয়েছেন।

**************************************************

**Judicial Transfer :**

আদালতের ৪২ জন বিচারককে আজ রদবদল করা হয়েছে। ত্রিপুরা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল অংশুমান দেববর্মা বিচারকদের বদলির বিজ্ঞপ্তি জারি করেন। আগামী ১২ই এপ্রিলের মধ্যে বিচারকদের নতুন দায়িত্বভার নিতে বলা হয়েছে।

************************

**Package Story-Minakshi Bhattacharjee :**

বয়স কখনোই স্বপ্নের পথে বাধা হতে পারে না, এই সত্যকে নিজের জীবনে প্রমাণ করেছেন মীনাক্ষী ভট্টাচার্য। সম্প্রতি তিনি কলকাতার টেগোর রিসার্চ ইনস্টিটিউট থেকে ‘রবীন্দ্র জ্ঞানতীর্থ’ উপাধিতে সম্মানিত হয়েছেন, যা তাঁর জীবনের এক গুরুত্বপূর্ণ অর্জন। একটি প্রতিবেদন।

#######VC#######

*****************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে শতদল সংঘ ৮ উইকেটে সংহতি ক্লাবকে, টি আই টি মাঠ জয়নগর ক্রিকেট ক্লাব ৩ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাব ২ উইকেটে হার্ভে ক্লাবকে পরাজিত করে।

******************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ১১-০ গোলে অরুন্ধতীনগর স্কুলকে পরাজিত করে। পরে দ্বিতীয় খেলায় মধুবন ডুকলি স্কুল ১-০ গোলে ডনবস্কো স্কুলকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************